

রাজশাহী বিভাগীয় উন্নয়ন সমন্বয় কমিটির আগস্ট/২০২২ মাসের সভার কার্যবিবরণী

সভাপতি	জি এস এম জাফরউল্লাহ এনডিসি বিভাগীয় কমিশনার
সভার তারিখ	: ১৬ আগস্ট, ২০২২ খ্রি.
সভার সময়	বেলা ১১:৪৫ ঘটিকা
স্থান	বিভাগীয় কমিশনার, রাজশাহী'র সম্মেলন কক্ষ
উপস্থিতি	পরিশিষ্ট 'ক' দ্রষ্টব্য

সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে রাজশাহী বিভাগীয় উন্নয়ন সমন্বয় কমিটির সভা শুরু করা হয়। সভাপতির অনুমতিক্রমে অতিরিক্ত বিভাগীয় কমিশনার (সার্বিক) অতিরিক্ত দায়িত্ব উন্নয়ন ও আইসিটি গত সভার কার্যবিবরণীর সিদ্ধান্তসমূহ পাঠ করে শোনান। সভাপতি গত সভার কার্যবিবরণীতে কোনো সংশোধনী আছে কিনা তা জানতে চান। কোন সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে গত সভার কার্যবিবরণী দৃঢ়ীকরণ করা হয়। অতঃপর বিভিন্ন দপ্তরের সাথে স্ব-স্ব দাপ্তরিক বিষয়ে বিস্তারিত আলোচনা হয় এবং নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ সর্বসম্মতভাবে গৃহীত হয়:

ক্র. নং	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী												
১	বিগত সভার কার্যবিবরণী নিশ্চিতকরণ : সভাপতি কর্তৃক গত ২০ জুন, ২০২২ তারিখে অনুষ্ঠিত উন্নয়ন সমন্বয় কমিটির সভার কার্যবিবরণীতে কোন সংশোধনী আছে কি না সে বিষয়ে সভায় উপস্থিত সকলের দৃষ্টি আকর্ষণ করা হয়। কোন সংশোধনী না থাকায় উক্ত সভার কার্যবিবরণী দৃঢ়ীকরণ করার বিষয়ে আলোচনা হয়।	১। গত ২০ জুন, ২০২২ তারিখে অনুষ্ঠিত বিভাগীয় উন্নয়ন সমন্বয় সভার কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করার সিদ্ধান্ত গৃহীত হয়।	অতিরিক্ত বিভাগীয় কমিশনার (উন্নয়ন ও আইসিটি), রাজশাহী												
২	বিগত সভার সিদ্ধান্ত বাস্তবায়ন হার: বিগত ১৮ এপ্রিল, ২০২২ ও ২০ জুন, ২০২২ মাসে অনুষ্ঠিত রাজশাহী বিভাগীয় উন্নয়ন সমন্বয় কমিটির সভার সিদ্ধান্ত বাস্তবায়ন হার পর্যালোচনা করা হয়, যা নিম্নরূপ: <table border="1"> <thead> <tr> <th>মাসের নাম</th> <th>গৃহীত সিদ্ধান্ত সংখ্যা</th> <th>বাস্তবায়িত সিদ্ধান্ত সংখ্যা</th> <th>সিদ্ধান্ত বাস্তবায়ন হার</th> </tr> </thead> <tbody> <tr> <td>এপ্রিল/২২</td> <td>৪৬</td> <td>৪৫</td> <td>৯৭.৮২%</td> </tr> <tr> <td>জুন/২২</td> <td>৫৪</td> <td>৫২</td> <td>৯৬.২৯%</td> </tr> </tbody> </table>	মাসের নাম	গৃহীত সিদ্ধান্ত সংখ্যা	বাস্তবায়িত সিদ্ধান্ত সংখ্যা	সিদ্ধান্ত বাস্তবায়ন হার	এপ্রিল/২২	৪৬	৪৫	৯৭.৮২%	জুন/২২	৫৪	৫২	৯৬.২৯%	১। শতভাগ সিদ্ধান্ত বাস্তবায়নের বিষয়ে সচেতন হতে হবে।	বিভাগীয় উন্নয়ন সমন্বয় কমিটির সদস্যবৃন্দ
মাসের নাম	গৃহীত সিদ্ধান্ত সংখ্যা	বাস্তবায়িত সিদ্ধান্ত সংখ্যা	সিদ্ধান্ত বাস্তবায়ন হার												
এপ্রিল/২২	৪৬	৪৫	৯৭.৮২%												
জুন/২২	৫৪	৫২	৯৬.২৯%												
	শতভাগ সিদ্ধান্ত বাস্তবায়নের জন্য বিভাগীয় উন্নয়ন সমন্বয় কমিটির সদস্যদের নির্দেশনা প্রদান করা হয়।														

<p>৩</p>	<p>আইএমইডি: রাজশাহী বিভাগে চলমান স্ব স্ব দপ্তরের আওতাধীন উন্নয়ন প্রকল্প বাস্তবায়নের ক্ষেত্রে কোন সমস্যা পরিলক্ষিত হলে এবং সমস্বয়ের প্রয়োজন হলে সভায় আলোচনা করার বিষয়ে গুরুত্ব আরোপ করা হয়।</p>	<p>১। রাজশাহী বিভাগে চলমান স্ব স্ব দপ্তরের আওতাধীন উন্নয়ন প্রকল্প বাস্তবায়নের ক্ষেত্রে কোন সমস্যা পরিলক্ষিত হলে এবং সমস্বয়ের প্রয়োজন হলে সভায় আলোচনা করতে হবে।</p>	<p>১। মহাপরিচালক, আইএমইডি, ঢাকা ২। সংশ্লিষ্ট দপ্তর প্রধানগণ</p>
----------	--	---	---

<p>8</p>	<p>স্বাস্থ্য বিভাগ সংক্রান্ত : পরিচালক (স্বাস্থ্য), রাজশাহী সভায় জানান যে, আরটিপিসিআর, জিন এক্সপার্ট এবং র্‌যাপিড এন্টিজেন এই ৩টি পদ্ধতিতে কোভিড-১৯ নমুনা পরীক্ষা করা হয়ে থাকে। রাজশাহী বিভাগে গত জুলাই, ২০২২ মাসে নমুনা পরীক্ষা করা হয়েছে ৯৮৭০, সর্বমোট নমুনা পরীক্ষা করা হয়েছে ৮৮১৫৮৭। তন্মধ্যে শনাক্ত হয়েছে ১০৪৬ (১০.৫%), সর্বমোট শনাক্ত হয়েছে ১২০৭৬০(১৩.৭%)। হাসপাতালে ভর্তি ৫৯, সর্বমোট হাসপাতালে ভর্তি ২৪৪৮১। মৃত্যু ০৪(০.৩৮), সর্বমোট ১৭৫৪(১.৪৫%)। কোভিড-১৯ প্রতিরোধে ১৫ আগস্ট, ২০২২ তারিখ পর্যন্ত ১ম ডোজ ভ্যাকসিন প্রদান করা হয়েছে ১,৫৮,৬৫,৭১৯। ২য় ডোজ ভ্যাকসিন প্রদান করা হয়েছে ১,৫৩,০৫,৩৫০। বুস্টার ডোজ ভ্যাকসিন প্রদান করা হয়েছে ৫১,২৬,২০৭। সর্বমোট ভ্যাকসিন প্রদান করা হয়েছে ৩,৬২,৯৭,২৭৬ ডোজ। কোভিড-১৯ সংক্রমণরোধে বুস্টার ডোজ প্রদান আরো জোরদার করা হয়েছে। ভ্যাকসিন নেয়ার পরেও সামাজিক দূরত্ব বজায় রাখা এবং মাস্ক ব্যবহার অর্থাৎ স্বাস্থ্যবিধি মেনে চলার বিষয়ে সভায় আলোচনা করা হয়। এছাড়াও ডেঙ্গু রোগ প্রতিরোধ বিষয়ে জনসচেতনতা বৃদ্ধি ও বাসা-বাড়ির নিচ তলায় জমে থাকা পানি, মাছের আড়তে জমে থাকা পানি এবং সাহেব বাজারসহ অন্যান্য মাছের বাজারের আশে-পাশে জমে থাকা পানি দ্রুত নিষ্কাশনের জন্য সভায় গুরুত্বারোপ করা হয়। তিনি আরো জানান যে, রেজিস্ট্রেশনবিহীন বেসরকারি হাসপাতাল, ক্লিনিক এবং ডায়াগনস্টিক সেন্টারের বিরুদ্ধে অভিযান পরিচালনা করে রাজশাহী জেলায়-৪০, নাটোর জেলায়-৪১, নওগাঁ জেলায় জেলায়-২৫, টাঁপাইনবাবগঞ্জ জেলায়-২৮, পাবনা জেলায়-২০, সিরাজগঞ্জ জেলায়-২১, বগুড়া জেলায়-৪২ এবং জয়পুরহাট জেলায়-৫টি প্রতিষ্ঠান বন্ধ করে দেওয়া হয়েছে। গত ২ মাসে ৪৯০টি ক্লিনিক পরিদর্শন করা হয়েছে। নতুন লাইসেন্স প্রদান এবং নবায়নের জন্য পরিদর্শন কার্যক্রম চলমান রয়েছে। তিনি আরো জানান যে, বেসরকারি সংস্থা (NGO) বিভিন্ন জেলায় সরকারি স্বাস্থ্য প্রতিষ্ঠান, শিক্ষা প্রতিষ্ঠান এবং কলকারখানায় Hepatitis-B, জরায়ু ক্যান্সার, টাইফয়েড, ইনফ্লুয়েঞ্জা টিকা প্রদানের চেষ্টা করছে, যা গ্রহণযোগ্য নয়। তারা যেন টিকা প্রদান করতে না পারে সে বিষয়ে জেলা প্রশাসক(সকল), রাজশাহী বিভাগসহ সকলের সহযোগিতা কামনা করা হয়।</p>	<p>১। সুষ্ঠুভাবে ভ্যাকসিন প্রদান কার্যক্রম অব্যাহত রাখতে হবে। ২। কোভিড-১৯ প্রতিরোধে ভ্যাকসিন নেয়ার পরেও মাস্ক ব্যবহার, সামাজিক দূরত্ব বজায় রাখা অর্থাৎ স্বাস্থ্যবিধি মেনে চলার বিষয়ে জনসচেতনতামূলক প্রচার-প্রচারণা অব্যাহত রাখতে হবে। ৩। ডেঙ্গু রোগ প্রতিরোধে বাসা-বাড়ির নিচ তলা এবং সাহেব বাজারসহ অন্যান্য মাছের বাজারের আশে-পাশে জমে থাকা পানি দ্রুত নিষ্কাশন করতে হবে এবং জনসচেতনতামূলক প্রচার-প্রচারণা অব্যাহত রাখতে হবে। ৪। বেসরকারি সংস্থা (NGO) কে বিভিন্ন জেলায় সরকারি স্বাস্থ্য প্রতিষ্ঠান, শিক্ষা প্রতিষ্ঠান এবং কলকারখানায় Hepatitis-B, জরায়ু ক্যান্সার, টাইফয়েড, ইনফ্লুয়েঞ্জা টিকা প্রদান কার্যক্রম হতে বিরত রাখার প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করতে হবে।</p>	<p>১। পরিচালক (স্বাস্থ্য), রাজশাহী বিভাগ ২। জেলা প্রশাসক(সকল), রাজশাহী বিভাগ ৩। প্রধান নির্বাহী কর্মকর্তা, রাজশাহী সিটি কর্পোরেশন ৪। পরিচালক, বিভাগীয় জেলা তথ্য অফিস, রাজশাহী ৫। পরিচালক, ইসলামিক ফাউন্ডেশন, রাজশাহী</p>
----------	--	--	---

৫	<p>খাদ্য বিভাগ: আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, রাজশাহী অঞ্চল জানান যে, সংগ্রহ নীতিমালা অনুযায়ী বোরো/২০২২ ধান ও চাল সংগ্রহ কার্যক্রম চলমান রয়েছে। রাজশাহী বিভাগের লক্ষ্যমাত্রা(মূল ও অতিরিক্তসহ) চাল = ২,৮৩,৫৭০ মে. টন, মোট সংগ্রহ (২৬/০৭/২০২২ পর্যন্ত) সংগ্রহ হয়েছে = ১,৬৭,৩৭৬.৬০০ মে. টন, লক্ষ্যমাত্রা ধান = ১,০৯,৩২৯ মে. টন, মোট সংগ্রহ (২৬/০৭/২০২২ পর্যন্ত) = ১৩৭১৪ মে. টন। মাননীয় প্রধানমন্ত্রীর অনুশাসন অনুযায়ী নিয়মিত বাজার মনিটরিং কার্যক্রম অব্যাহত রয়েছে। খাদ্যবান্ধব কর্মসূচি ২০২১-২০২২ অর্থ বছরে (সেপ্টেম্বর, অক্টোবর ও নভেম্বর এবং মার্চ ও এপ্রিল) রাজশাহী বিভাগে ৭৭৬৬০৯টি সুবিধাভোগী পরিবারের মধ্যে ভোক্তা প্রতি মাসে ৩০ কেজি (প্রতি কেজি ১০ টাকা) করে চাল সরবরাহ করা হয়। এ অর্থ বছরে এখন পর্যন্ত ১,১৬,৩৪১ মে. টন চাল বিক্রি করা হয়েছে। খাদ্যবান্ধব কর্মসূচিতে চাল বিক্রি সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে এবং নিয়মিত মনিটরিং কার্যক্রম অব্যাহত রয়েছে।</p>	<p>১। অভ্যন্তরীণ খাদ্যশস্য সংগ্রহ নীতিমালা, ২০১৭ অনুযায়ী ধান/চাল/গম সংগ্রহ শতভাগ অর্জনের প্রচেষ্টা অব্যাহত রাখতে হবে। ২। খাদ্যবান্ধব কর্মসূচি সুষ্ঠুভাবে বাস্তবায়ন অব্যাহত রাখতে হবে। ৩। ধান/চাল/গম অর্থাৎ খাদ্য সংগ্রহে অনিয়ম পরিলক্ষিত হলে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করতে হবে।</p>	<p>১। জেলা প্রশাসক (সকল) রাজশাহী বিভাগ ২। আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, রাজশাহী অঞ্চল, রাজশাহী</p>
---	--	--	---

<p>৬</p>	<p>কৃষি বিভাগ: অতিরিক্ত পরিচালক, রাজশাহী অঞ্চল জানান যে, অত্র অঞ্চলে (রাজশাহী, নওগাঁ, নাটোর ও চাঁপাইনবাবগঞ্জ জেলায়) এম.ও.পি সারের ঘাটতি রয়েছে। এ ঘাটতির পরিমাণটা নওগাঁ জেলায় বেশি। এম.ও.পি সার ব্যতীত অন্যান্য সারের সরবরাহ স্বাভাবিক রয়েছে। যে সমস্ত সার ডিলারদের ইউনিয়ন পর্যায়ে সারের গোড়াউন নাই, তাদেরকে গোড়াউন তৈরির বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। তিনি আরো জানান যে, অত্র অঞ্চলে চাষকৃত অধিকাংশ জাতই উচ্চ ফলনশীল ধান। এছাড়াও গবেষণা কর্তৃক সর্বশেষ উদ্ভাবিত নতুন জাতের ধান চাষাবাদ করা হচ্ছে এবং আবাদ বৃদ্ধি করতে কৃষকদেরকে উদ্বুদ্ধ করা হচ্ছে। উচ্চ ফলনশীল ধান চাষাবাদে কৃষকদেরকে উৎসাহিতকরণের কাজ অব্যাহত রয়েছে। অতিরিক্ত পরিচালক, বগুড়া অঞ্চল জানান যে, হাইব্রিড জাতের ধানের পাশাপাশি ইনব্রিড বা উচ্চ ফলনশীল (উফশী) জাত এবং ফাইন রাইচ জাতের ধান চাষাবাদে কৃষকদেরকে উৎসাহিতকরণের কাজ অব্যাহত রয়েছে। অতিরিক্ত পরিচালক, রাজশাহী অঞ্চল জানান যে, অত্র অঞ্চলে ধান উৎপাদনের লক্ষ্যমাত্রা ঠিক রেখে ঐ জমিতে লাভজনক, নিরাপদ রপ্তানিমুখী বিভিন্ন ফল ও অন্যান্য ফসল চাষাবাদ অব্যাহত রাখতে কৃষককে উৎসাহিত করার কার্যক্রম চলমান। লাভজনক উচ্চমূল্য ফসল যেমন: মাল্টা, কমলা ও লেবু বাগানের প্রদর্শনী বাস্তবায়ন, মিষ্টি আলু, কচু এবং ডাগণ ও পৈয়ারার চাষাবাদ হচ্ছে। লাভজনক হওয়ায় পৈয়াজের আবাদ দিনদিন বৃদ্ধি পাচ্ছে। ২০২১-২০২২ অর্থ বছরে ৩২,৩৫৭ হেক্টর জমিতে পৈয়াজ আবাদ হয়েছে। অতিরিক্ত পরিচালক, বগুড়া অঞ্চল জানান যে, ধান এর পাশাপাশি বগুড়া অঞ্চলের প্রচুর পরিমাণে লিচু, আম, কাঁঠাল, পেয়ারা, কুল, পেঁপে, লেবুর বাগান গড়ে উঠেছে। ফল উৎপাদনে এ অঞ্চলে একটি বিশেষ ভূমিকা রয়েছে। বিশেষ করে মধুফল হিসেবে পরিচিত লিচু উৎপাদনে পাবনা জেলা দেশের শীর্ষ স্থানে রয়েছে। পাবনা জেলার লিচু প্রচুর পরিমাণে রপ্তানি হয়ে থাকে। আম, কাঁঠাল, পেয়ারা, কুল, ডাগন ফুট ও লেবু উৎপাদনের ক্ষেত্রেও এ অঞ্চল বিশেষ অবদান রেখে চলেছে। অতিরিক্ত পরিচালক, রাজশাহী অঞ্চল জানান যে, কৃষি প্রণোদনা নীতিমালা অনুসারে ২০২১-২২ অর্থ বছরে অত্র অঞ্চলে আউশ, রোপা, আমন, গ্রীষ্মকালীন পৈয়াজ, পাট বীজ উৎপাদন, মাসকলাই, গম, ভুট্টা, সরিষা, সূর্যমুখী, চিনাবাদাম, শীতকালীন পৈয়াজ, মসুর, খেসারি, বোরো ধান ফসলের অনুকূলে ৩,৯০,০৯৩ জন ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকদের মাঝে বিনামূল্যে বীজ ও সার বিতরণ করা হয়েছে। অতিরিক্ত পরিচালক, বগুড়া অঞ্চল জানান যে, নীতিমালা অনুসারে ২০২১-২০২২ অর্থ বছরে ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকদের খরিফ-২ রোপা আমন মৌসুমে বগুড়া, জয়পুরহাট, পাবনা ও সিরাজগঞ্জ জেলায় মোট ২৬,০০০ জনকে ১ বিঘা জমি চাষের জন্য বিনামূল্যে বীজ ও রাসায়নিক সার বিতরণ করা হয়েছে। তাছাড়া চলতি গ্রীষ্মকালীন মৌসুমে পৈয়াজ বীজ উৎপাদন এর লক্ষ্যে শুধুমাত্র বগুড়া জেলায় ১,০০০ জন কৃষককে ১ বিঘা জমি আবাদের জন্য অনুরূপ বীজ ও রাসায়নিক সার বিতরণ করা হয়েছে। কৃষি প্রণোদনা নীতিমালা অনুসারে প্রয়োজনীয় খাদ্যশস্য উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকদের মাঝে বিনামূল্যে বীজ ও সার সরবরাহ করার বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়।</p>	<p>১। এম.ও.পি সারের ঘাটতি পূরণে উর্ধ্বতন কর্তৃপক্ষের সাথে যোগাযোগ অব্যাহত রাখতে হবে। ২। যে সমস্ত সার ডিলারদের ইউনিয়ন পর্যায়ে সারের গোড়াউন নাই, তাদেরকে সারের গোড়াউন তৈরির কার্যক্রম মনিটরিং করতে হবে। ৩। ধান উৎপাদনের লক্ষ্যমাত্রা ঠিক রেখে ঐ জমিতে লাভজনক, রপ্তানিমুখী বিভিন্ন ফল ও অন্যান্য ফসল চাষাবাদ অব্যাহত রাখতে হবে। ৪। কৃষি প্রণোদনা নীতিমালা অনুসারে ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকদের মাঝে বিনামূল্যে বীজ ও সার বিতরণ অব্যাহত রাখতে হবে।</p>	<p>১। জেলা প্রশাসক (সকল), রাজশাহী বিভাগ ২। অতিরিক্ত পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, রাজশাহী অঞ্চল ৩। অতিরিক্ত পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, বগুড়া অঞ্চল</p>
----------	--	--	--

৭	<p>গণপূর্ত বিভাগ: নির্বাহী প্রকৌশলী (স্টাফ অফিসার), গণপূর্ত জোন, রাজশাহী জানান যে, বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান নভোথিয়েটার প্রকল্পসহ অন্যান্য প্রকল্পের কাজ নিয়মিতভাবে মনিটরিং করা হচ্ছে এবং সংশ্লিষ্ট নির্বাহী প্রকৌশলীকে যথাযথভাবে তদারকি করার জন্য নির্দেশনা প্রদান করা হয়েছে মর্মে সভায় জানানো হয়। বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান নভোথিয়েটার প্রকল্পের কাজ দ্রুতসমাপ্ত করার বিষয়ে সভায় আলোচনা করা হয়।</p>	<p>১। বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান নভোথিয়েটার প্রকল্পের কাজ দ্রুত সমাপ্ত করতে হবে। এ প্রকল্পসহ অন্যান্য প্রকল্পের কাজ মনিটরিং অব্যাহত রাখতে হবে।</p>	<p>১। জেলা প্রশাসক, রাজশাহী ২। প্রধান নির্বাহী কর্মকর্তা, রাজশাহী সিটি কর্পোরেশন ৩। অতিরিক্ত প্রধান প্রকৌশলী, গণপূর্ত জোন, রাজশাহী</p>
৮	<p>রাজশাহী ওয়াসা: ব্যবস্থাপনা পরিচালক, রাজশাহী ওয়াসা জানান যে, Rajshahi WASA Surface Water Treatment Plant প্রকল্পটির পানি সরবরাহের জন্য মেইন ট্রান্সমিশন পাইপ লাইন গোদাগাড়ি থেকে চাঁপাইনবাবগঞ্জ সড়কের উত্তর সাইড দিয়ে আসবে। জায়গাটি সড়কের হওয়ায় উক্ত পাইপ লাইন স্থাপনের অনুমতির জন্য সভায় সড়ক বিভাগের দৃষ্টি আকর্ষণ করা হয়। বর্ণিত বিষয়ে আপডেট তথ্য রাজশাহী ওয়াসাকে অবহিতকরণের জন্য সড়ক বিভাগকে অনুরোধ করা হয়। অতিরিক্ত প্রধান প্রকৌশলী, সড়ক ও জনপথ, রাজশাহী জোন জানান যে, রাজশাহী ওয়াসার পানির পাইপ স্থাপনের বিষয়টি নিয়ে উর্ধ্বতন কর্তৃপক্ষের সাথে আলাপ-আলোচনা চলছে।</p>	<p>১। Rajshahi WASA Surface Water Treatment Plant প্রকল্পটির গোদাগাড়ি থেকে চাঁপাইনবাবগঞ্জ পর্যন্ত সড়কের জায়গায় পানির পাইপ লাইন স্থাপনের আপডেট তথ্য সড়ক বিভাগ কর্তৃক রাজশাহী ওয়াসাকে অবহিত করতে হবে।</p>	<p>১। ব্যবস্থাপনা পরিচালক, রাজশাহী ওয়াসা ২। জেলা প্রশাসক, রাজশাহী ৩। অতিরিক্ত প্রধান প্রকৌশলী, সড়ক ও জনপথ, রাজশাহী জোন।</p>

<p>৯</p>	<p>সড়ক বিভাগ: অতিরিক্ত প্রধান প্রকৌশলী (চ:দা:), সওজ, রাজশাহী জোন জানান যে, রাজশাহীর আওতাধীন জাতীয় মহাসড়ক, আঞ্চলিক মহাসড়ক এবং জেলা মহাসড়কসমূহের উভয় পার্শ্বে নতুনভাবে বৈদ্যুতিক পোল/খুঁটি, পানির লাইন, টেলিফোন লাইন, অপটিক্যাল ফাইবার লাইন স্থাপন করার পূর্বে স্ব স্ব সড়ক বিভাগ কর্তৃক অনাপত্তি পত্র সংগ্রহের জন্য সংশ্লিষ্ট দপ্তরসমূহকে পত্রের মাধ্যমে অবহিত করা হচ্ছে/হয়েছে; যাতে সরকারি অর্থের অপচয় রোধ করা যায়। তিনি আরো জানান যে, নওগাঁ জেলার বিসিকে নতুন প্রকল্প পাশ হয়েছে। এই প্রকল্পের লাইন শিফটিং কাজের সাথে নেসকো এবং পল্লী বিদ্যুৎ জড়িত। তাদের প্রাক্কলন চাহিদা প্রয়োজন। জেলা প্রশাসক, রাজশাহী আরডিএ এর দৃষ্টি আকর্ষণ করে বলেন, রাজশাহী বিশ্ববিদ্যালয় এবং রুয়েট এর সামনের রাস্তা প্রশস্ত হওয়ায় নেসকো বৈদ্যুতিক পোলগুলো রাস্তার মাঝ বরাবর রয়েছে। পোলগুলো স্থানান্তর করার জন্য সভায় আলোচনা করা হয়। প্রধান প্রকৌশলী, নর্দান ইলেকট্রিসিটি সপ্লাই কোম্পানি লি., রাজশাহী জানান যে, সড়ক ও জনপথ বিভাগের সাথে আলোচনা করে সার্ভে, সঠিক জায়গা নির্ধারণ, সম্ভাব্যতা যাচাই এবং নকশাকরণ ও অনুমোদনের মাধ্যমে চলমান প্রকল্প হতে পরিকল্পিতভাবে নেসকো কর্তৃক বৈদ্যুতিক পোল, বৈদ্যুতিক লাইন ইত্যাদি স্থাপন করা হয়। সড়ক বিভাগ আরো জানান যে, ঈদ-উল-আযহা উপলক্ষে কোরবানীর পশু পরিবহণে ব্যবহৃত যানবাহন যাতে সহজে/নির্বিঘ্নে যাতায়াত করতে পারে, সে জন্য সমস্ত সড়ক মেরামত করা হয়েছিল এবং সড়কের পার্শ্বে যাতে হাট-বাজার বসিয়ে যানবাহন চলাচলে ব্যাঘাত সৃষ্টি না হয়, সে ব্যাপারে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করা হয়েছিল। ঈদ-উল-আযহা উপলক্ষে ঘরে ফেরা মানুষের দুর্ভোগ লাঘবে যথাযথ ব্যবস্থা নেয়া হয়েছিল।</p>	<p>১। সড়ক বিভাগের সাথে সমন্বয় করে সঠিক জায়গায় বৈদ্যুতিক পোল, ইউটিলিটি লাইনসহ অন্যান্য লাইন স্থাপন করতে হবে। ২। নওগাঁ জেলার বিসিকে সড়ক বিভাগের কাজে নেসকো এবং পল্লী বিদ্যুতের লাইন শিফটিং এর প্রাক্কলন চাহিদা দিতে হবে। ৩। রাজশাহী বিশ্ববিদ্যালয় এবং রুয়েট এর সামনের রাস্তার মাঝ খানে থাকা বৈদ্যুতিক পোলগুলো দূত স্থানান্তর করতে হবে।</p>	<p>১। জেলা প্রশাসক (সকল), রাজশাহী বিভাগ ২। অতিরিক্ত প্রধান প্রকৌশলী, সড়ক ও জনপথ, রাজশাহী জোন। ৩। অতিরিক্ত প্রধান প্রকৌশলী, সড়ক ও জনপথ, রংপুর জোন ৪। প্রধান প্রকৌশলী, নর্দান ইলেকট্রিসিটি সপ্লাই কোম্পানি লি., রাজশাহী ৫। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, রাজশাহী জোন</p>
<p>১০</p>	<p>এলজিইডি অধিদপ্তর: নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, রাজশাহী বিভাগ জানান যে, রাজশাহী বিভাগ (সিরাজগঞ্জ ব্যতীত) পল্লী অবকাঠামো উন্নয়ন প্রকল্প, বন্যা ও দুর্ভোগে ক্ষতিগ্রস্ত পল্লী সড়ক অবকাঠামো পুনর্বাসন প্রকল্প, গ্রাম সড়ক পুনর্বাসন প্রকল্প ঘূর্ণিঝড় আফান ও বন্যায় ক্ষতিগ্রস্ত পল্লী অবকাঠামো পুনর্বাসন প্রকল্প “রুরাল ট্রান্সপোর্ট ইমপ্লিমেন্ট প্রজেক্ট-২”, রুরাল কানেকটিভিটি ইমপ্লিমেন্ট প্রজেক্ট, টেকসই ক্ষুদ্রাকার পানি সম্পদ উন্নয়ন প্রকল্প, চাঁপাইনবাবগঞ্জ এর ৫০ শয্যা বিশিষ্ট ডায়াবেটিক হাসপাতাল নির্মাণ প্রকল্প ও বৃহত্তর রাজশাহী জেলার গ্রামীণ অবকাঠামো উন্নয়ন প্রকল্পের কাজ চলছে। কাজের মান সন্তোষজনক। গড় অগ্রগতি=৯০%। চলতি অর্থবৎসরে প্রদেয় সময় অনুযায়ী কাজগুলি সমাপ্ত করা হবে। তিনি আরো জানান যে, ২০২১-২২ অর্থ বৎসরে অত্র বিভাগে গ্রামীণ সড়ক মেরামত ও সংরক্ষণের (GOB) এর আওতায় অত্র বিভাগে ৮টি জেলায় ৬৩২টি অনুমোদিত স্কীমের (সড়ক রক্ষণাবেক্ষণ) কাজ চলছে। গড় অগ্রগতি=৯৫%। চলতি অর্থ বৎসরে উক্ত কাজগুলির রক্ষণাবেক্ষণ কাজ প্রদেয় সময় অনুযায়ী সমাপ্ত করা হবে। কাজের মান সন্তোষজনক। চলমান উন্নয়ন প্রকল্প মনিটরিং এবং বেশি জনগুরুত্বপূর্ণ উন্নয়ন প্রকল্পের তালিকা বিভাগীয় কমিশনারের কার্যালয়, রাজশাহীতে প্রেরণ করার বিষয়ে সভায় আলোচনা করা হয়।</p>	<p>১। চলমান উন্নয়ন প্রকল্প নিয়মিত মনিটরিং করতে হবে। ২। অত্যধিক জনগুরুত্বপূর্ণ উন্নয়ন প্রকল্পের তালিকা বিভাগীয় কমিশনারের কার্যালয়, রাজশাহীতে প্রেরণ করতে হবে।</p>	<p>১। জেলা প্রশাসক (সকল), রাজশাহী বিভাগ ২। অতিরিক্ত প্রধান প্রকৌশলী, এলজিইডি, রাজশাহী বিভাগ</p>

<p>১১</p>	<p>জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর: তত্ত্বাবধায়ক প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, রাজশাহী সার্কেল সভায় জানান যে, রাজশাহী বিভাগে মুজিব শতবর্ষ উপলক্ষ্যে ভূমিহীন ও গৃহহীন পরিবারের জন্য সুপেয় পানি সরবরাহের লক্ষ্যে ৩য় পর্যায়ে রাজশাহী জেলায় ২১১টি, নওগাঁ জেলায় ৮৮টি, পাবনা জেলায় ৫০টি, জয়পুরহাট জেলায় ৭৫টি সিরাজগঞ্জ জেলায় ৮৮টি এবং নাটোর জেলায় ৩৫০টি পানির উৎসসহ মোট ৯১২টি পানির উৎস স্থাপন কাজের বরাদ্দের বিপরীতে এ পর্যন্ত ৪৬৮টি পানির উৎস স্থাপন কাজ সম্পন্ন হয়েছে। বাকি পানির উৎস স্থাপন কাজ চলমান রয়েছে। মুজিব শতবর্ষ উপলক্ষ্যে সুপেয় পানি সরবরাহের জন্য কোনো নলকূপ যেন কোনো প্রভাবশালীর বাড়ি বা তার সুবিধামত স্থানে স্থাপন না করার বিষয়ে সভায় গুরুত্বারোপ করা হয়। ভূমিহীন ও গৃহহীন পরিবারের সদস্যদের বেশি সুবিধা হয় এমন জায়গায় নলকূপ স্থাপন করার বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়।</p>	<p>১। মুজিববর্ষ উপলক্ষ্যে গৃহহীন ও ভূমিহীন পরিবারের জন্য ৩য় পর্যায়ের আশ্রয়ণ প্রকল্পে পানি সরবরাহের জন্য নলকূপ স্থাপন কার্যক্রম ত্বরান্বিতকরণের লক্ষ্যে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করতে হবে। ২। ভূমিহীন ও গৃহহীন পরিবারের সদস্যদের বেশি সুবিধা হয় এমন জায়গায় নলকূপ স্থাপন করতে হবে।</p>	<p>১। জেলা প্রশাসক(সকল), রাজশাহী বিভাগ ২। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, রাজশাহী সার্কেল</p>
<p>১২</p>	<p>পানি উন্নয়ন বোর্ড: প্রধান প্রকৌশলী, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, রাজশাহী সভায় জানান যে, বগুড়া জেলার সারিয়াকান্দি এবং সিরাজগঞ্জ জেলার শাহজাদপুরসহ অন্যান্য বন্যা প্লাবিত এলাকা পরিদর্শন করা হচ্ছে। বন্যায় বাঁধ ও স্থাপনার যেন ক্ষতি না হয় সে বিষয়ে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করা হচ্ছে। বন্যায় ক্ষতিগ্রস্ত মানুষের মাঝে ত্রাণ সামগ্রী বিতরণের বিষয়ে সভায় গুরুত্বারোপ করা হয়। নদীতে বিদ্যমান ব্রিজ ও অন্যান্য স্থাপনার পাশে নদী খননের ক্ষেত্রে সংশ্লিষ্ট দপ্তরের সাথে যোগাযোগ পূর্বক অবকাঠামোর মূল নকশা বিবেচনা করে স্থাপনার উজান ও ভাটিতে নির্দিষ্ট দূরত্ব বজায় রেখে নদী খনন করা হচ্ছে। অপরিকল্পিতভাবে কেউ বালু উত্তোলন করে বাঁধ ও স্থাপনার ক্ষতি করলে তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করার বিষয়ে সভায় গুরুত্ব আরোপ করা হয়। ক্ষতিগ্রস্ত বাঁধ, ব্রিজ, কালভার্ট মেরামত ও নদী ভাঙ্গনরোধে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করার বিষয়ে সভায় আলোচনা করা হয়।</p>	<p>১। অপরিকল্পিতভাবে কেউ বালু উত্তোলন করে বাঁধ ও স্থাপনার ক্ষতি করলে তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করতে হবে। ২। সরেজমিন পরিদর্শনপূর্বক ক্ষতিগ্রস্ত বাঁধ, ব্রিজ, কালভার্ট মেরামত ও নদী ভাঙ্গনরোধে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করতে হবে।</p>	<p>১। জেলা প্রশাসক (সকল), রাজশাহী বিভাগ ২। প্রধান প্রকৌশলী, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, রাজশাহী</p>

<p>১৩</p>	<p>বিভাগীয় প্রাণিসম্পদ দপ্তর: পরিচালক, বিভাগীয় প্রাণিসম্পদ দপ্তর জানান যে, ঈদ-উল আযহা/২০২২ উপলক্ষে কোরবানীযোগ্য গবাদিপশু রাজশাহী বিভাগের জেলাসমূহ থেকে ঢাকাসহ দেশের বিভিন্ন জেলায় গবাদিপশুর খামারীরা/পশুর মালিকরা নির্বিঘ্নে রাস্তায় ট্রাকযোগে এবং ট্রেনে পরিবহনকালে কেউ যেন চাঁদা নিতে না পারে সে ব্যাপারে ডিআইজি, বাংলাদেশ পুলিশ, রাজশাহী রেঞ্জ এর সহযোগিতায় সুষ্ঠুভাবে পরিবহন কার্যক্রম সম্পন্ন করেছেন। “জাতীয় সম্পদ চামড়া রক্ষা করব আমরা” এ স্লোগানকে সামনে রেখে কোরবানী/২০২২ উপলক্ষে বিভাগীয় প্রাণিসম্পদ দপ্তর, রাজশাহী বিভাগ, রাজশাহীর উদ্যোগে ২০২১-২০২২ অর্থ বছরে ৩৫৫১ জন পেশাদার মাংস ব্যবসায়ী/মৌসুমী মাংস ব্যবসায়ীদেরকে চামড়া ছাড়ানো ও সংরক্ষণ বিষয়ক প্রশিক্ষণ প্রদান করা হয়েছিল। কোরবানীর পর গবাদিপশুর বর্জ্য দূত অপসারণ করার ব্যাপারে রাজশাহী সিটি কর্পোরেশনসহ অন্যান্য জেলার পৌরসভার সাথে সমন্বয় করে এবং স্থানীয় জনগণের সচেতনতায় গবাদিপশুর বর্জ্য দূত অপসারণ করা সম্ভব হয়েছে। রাজশাহী বিভাগের খামারীদের উৎসাহিতকরণে ২০২১-২০২২ অর্থ বছরে ৪৮,০৪২ জন খামারীকে গবাদিপশু ও হাঁস-মুরগি পালনে আধুনিক প্রযুক্তি বিষয়ে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। ৩,৮৩৮ টি উঠান বৈঠকের মাধ্যমে ৫০,৭৭৮ জন খামারীকে উৎসাহ ও উদ্বুদ্ধ করা হয়েছে। ঘাস চাষ সম্প্রসারণ কার্যক্রমের মাধ্যমে ২১৭৫.০৫ একর জমিতে উন্নত ঘাস চাষ সম্প্রসারণ করা হয়েছে। তরল ও হিমায়িত সিমেন্ট দ্বারা ৮,৯৯,৪৯২ টি গাভীকে কৃত্রিম প্রজনন করার ফলে ৩,৩৩,১০৯ টি উন্নতজাতের গরুর বাছুর জন্মলাভ করেছে। ফলে গবাদিপশু পালন, স্বাস্থ্য বিধি ও পুষ্টি বিষয়ে খামারীদের জ্ঞান ভান্ডার সমৃদ্ধ হয়েছে এবং প্রাণি উৎপাদনে আশাব্যঞ্জক অগ্রগতি সাধিত হয়েছে। রাজশাহী বিভাগের প্রাণিসম্পদ সুস্থ রাখতে খামারীদেরকে সঠিক পরামর্শ প্রদান এর অংশ হিসেবে গবাদিপশুর স্বাস্থ্য রক্ষা এবং রোগ বালাই প্রতিরোধের নিমিত্তে ২০২১-২০২২ অর্থ বছরে গবাদিপশুকে ৭০,৪১,০৫৬ মাত্রা টিকা এবং হাঁস-মুরগিকে ৫,৪১,১১,১০০ মাত্রা রোগ প্রতিষেধক টিকা প্রদান করা হয়েছে। রোগ নিরাময়ের জন্য ১৮,৯৬,২৩৪টি গবাদিপশু এবং ১,৫৩,১২,১৪৬টি হাঁস-মুরগিকে চিকিৎসাসেবা প্রদান করা হয়েছে। প্রাণিস্বাস্থ্য সেবা সহজীকরণের জন্য ৮২৬টি ফ্রি ভেটেরিনারি মেডিক্যাল ক্যাম্প স্থাপন করা হয়েছে। যার মাধ্যমে প্রায় ৫০,৯০৩টি গবাদিপশু এবং প্রায় ১,৯০,৭৫০টি হাঁস-মুরগি চিকিৎসা ও স্বাস্থ্যগত পরামর্শ দেয়া হয়েছে এবং এ কার্যক্রম অব্যাহত রয়েছে। উল্লেখ্য যে, জুনোটিক রোগ নিয়ন্ত্রণের জন্য রাজশাহী বিভাগে ৪টি জেলার ২০(বিশ) জন খামারীকে ২০২১-২০২২ অর্থ বছরে ১২,৮০,০০০/- (বোর লক্ষ আশি হাজার টাকা মাত্র) ক্ষতিপূরণ দেয়া হয়েছে।</p>	<p>১। গরু, ছাগল ও হাঁস-মুরগিসহ অন্যান্য গবাদিপশু পালনে খামারীদের উৎসাহিত করতে হবে। ২। গরু, ছাগল ও হাঁস-মুরগিসহ অন্যান্য গবাদিপশুকে সুস্থ রাখতে খামারীদেরকে সঠিক পরামর্শ প্রদান অব্যাহত রাখতে হবে।</p>	<p>১। জেলা প্রশাসক (সকল), রাজশাহী বিভাগ ২। পরিচালক, বিভাগীয় প্রাণিসম্পদ দপ্তর, রাজশাহী</p>
-----------	--	--	--

<p>১৪</p>	<p>মৎস্য বিভাগ: উপপরিচালক, মৎস্য অধিদপ্তর, রাজশাহী জানান যে, মৎস্য সংরক্ষণ ও মৎস্য সংক্রান্ত অন্যান্য আইনও যথাযথভাবে বাস্তবায়িত হচ্ছে। চলতি অর্থ বৎসরে জুলাই, ২০২২ মাস পর্যন্ত ক) মৎস্য সংরক্ষণ আইন : ৫৬৩৮টি খ) মৎস্য খাদ্য ও পশুখাদ্য আইন: ২২৮টি যার মধ্যে ৩৩৬টি মোবাইল কোর্ট, ৫৩০২টি অভিযান বাস্তবায়নসহ মোট ৩৩৭টি মামলা, ২৬৬ জনের জেল এবং ৫.৩৭০৫ লক্ষ টাকা জরিমানা করা হয়েছে। বেসরকারী হ্যাচারি ও মৎস্য খাদ্য প্রতিষ্ঠান নিবন্ধনের আওতায় আনা হয় এবং প্রতি বছর নবায়ন করা হয়। এ পর্যন্ত ২০২টি বেসরকারী হ্যাচারি ও ৮৯৮টি মৎস্য খাদ্য প্রতিষ্ঠান নিবন্ধনের আওতায় আনা হয়েছে। চাষীদের উৎসাহিত করতে “উত্তম মাছচাষ অনুশীলন ও লাভজনক উপায়ে মাছচাষ” বিষয়ক বই প্রকাশনা করে চাষীদের মাঝে বিনা মূল্যে বিতরণ করা হয়েছে। বড় মাছের পাশাপাশি দেশীয় ছোট মাছের বিষয়ে চাষীদের উৎসাহিত করতে “দেশীয় প্রজাতির ছোট মাছচাষ ব্যবস্থাপনা” বিষয়ক বই প্রকাশনা করে চাষীদের মাঝে বিনা মূল্যে বিতরণ করা হয়েছে। এছাড়া চাষীদের উৎসাহিত করতে বিভিন্ন জেলায় ছোট মাছচাষ প্রদর্শনী স্থাপন করা হয়েছে। এ ছাড়া নিয়মিত প্রশিক্ষণ, পরামর্শ, প্রদর্শনী কার্যক্রমসহ অন্যান্য কার্যক্রম বাস্তবায়ন সুষ্ঠুভাবে পালিত হচ্ছে।</p>	<p>১। মৎস্য সংরক্ষণ আইনসহ মৎস্য সংক্রান্ত অন্যান্য আইন যথাযথভাবে বাস্তবায়ন অব্যাহত রাখতে হবে। ২। লাভজনক ও রপ্তানিমুখী মাছ চাষে চাষীদেরকে প্রশিক্ষণ, পরামর্শ, প্রদান কার্যক্রম অব্যাহত রাখতে হবে।</p>	<p>১। জেলা প্রশাসক (সকল), রাজশাহী বিভাগ ২। উপপরিচালক, মৎস্য অধিদপ্তর, রাজশাহী বিভাগ</p>
<p>১৫</p>	<p>প্রাথমিক শিক্ষা বিভাগ: উপপরিচালক, প্রাথমিক শিক্ষা, রাজশাহী এর প্রতিনিধি সভায় জানান যে, উপপরিচালক, প্রাথমিক শিক্ষা, জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, উপজেলা শিক্ষা অফিসার ও সহকারী উপজেলা শিক্ষা অফিসার নিয়মিত স্কুল পরিদর্শন করছেন। স্বাস্থ্যবিধি অনুসরণপূর্বক সুষ্ঠু ও সুন্দরভাবে শিক্ষার্থীদের মাঝে বিদ্যালয়ে পাঠদান কার্যক্রম অব্যাহত আছে। নিয়মিত বিদ্যালয় পরিদর্শন এবং স্বাস্থ্যবিধি মেনে বিদ্যালয়ে পাঠদান চালুর রাখার বিষয়ে সভায় আলোচনা করা হয়।</p>	<p>১। নিয়মিত বিদ্যালয় পরিদর্শন করতে হবে। ২। স্বাস্থ্যবিধি মেনে বিদ্যালয়ে পাঠদান অব্যাহত রাখতে হবে।</p>	<p>১। জেলা প্রশাসক (সকল), রাজশাহী বিভাগ ২। উপপরিচালক, প্রাথমিক শিক্ষা, রাজশাহী বিভাগ</p>
<p>১৬</p>	<p>মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ: উপপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, রাজশাহী অঞ্চল এর প্রতিনিধি জানান যে, নিয়মিত বিদ্যালয় পরিদর্শন কার্যক্রম অব্যাহত রয়েছে। স্ব-শরীরে শ্রেণিতে পাঠদান কার্যক্রম অব্যাহত রয়েছে। নিয়মিত বিদ্যালয় পরিদর্শন এবং স্বাস্থ্যবিধি মেনে বিদ্যালয়ে পাঠদান চালুর রাখার বিষয়ে সভায় আলোচনা করা হয়।</p>	<p>১। নিয়মিত বিদ্যালয় পরিদর্শন করতে হবে। ২। স্বাস্থ্যবিধি মেনে বিদ্যালয়ে পাঠদান অব্যাহত রাখতে হবে।</p>	<p>১। জেলা প্রশাসক (সকল), রাজশাহী বিভাগ ২। উপপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, রাজশাহী অঞ্চল</p>

<p>১৭</p>	<p>পরিসংখ্যান বিভাগ:</p> <p>যুগ্মপরিচালক, পরিসংখ্যান অফিস, রাজশাহী জানান যে, সারা দেশের ন্যায় রাজশাহী বিভাগে ৬ষ্ঠ জনশুমারি ও গৃহগণনা ২০২২ এর তথ্য সংগ্রহ কার্যক্রম ১৫ থেকে ২১ জুন ২০২২ সময়ে সফলভাবে সম্পন্ন হয়েছে। দেশের মোট জনসংখ্যা ১৬,৫১,৫৮,৬১৬ জন। তন্মধ্যে রাজশাহী বিভাগের জনসংখ্যা ২,৩,৫৩,১১৯ জন। জরিপের কাজে সহযোগিতা করার জন্য পুলিশ বিভাগসহ সংশ্লিষ্ট সকলকে সভায় ধন্যবাদ জ্ঞাপন করা হয়।</p> <p>বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো'র শ্রমশক্তি জরিপের মাধ্যমে শ্রমবাজার তথ্যের উন্নয়ন প্রকল্প এর আওতায় বার্ষিক শ্রমশক্তি জরিপের তথ্য সংগ্রহ কার্যক্রম ০১ জানুয়ারি ২০২২ তারিখে শুরু হয়েছে যা ৩ বছরব্যাপি অনুষ্ঠিত হবে। রাজশাহী বিভাগের মোট ৩৫০ টি নমুনা এলাকা (Primary Sampling Unit) বা PSU হতে তথ্য সংগ্রহ করা হবে। প্রতি নমুনা এলাকা বা PSU হতে ২৪ টি Household থেকে তথ্য সংগ্রহ করা হবে।</p> <p>হাউজহোল্ড ইনকাম এন্ড এক্সপেন্ডিচার সার্ভে (HIES) ২০২১-২২ প্রকল্পের তথ্য সংগ্রহ কার্যক্রম ০১ জানুয়ারি ২০২২ থেকে মাঠ পর্যায়ে শুরু হয়েছে যা বছরব্যাপি চলবে। রাজশাহী বিভাগের মোট ৯০ টি নমুনা এলাকা (Primary Sampling Unit) বা PSU হতে তথ্য সংগ্রহ করা হবে। প্রতি নমুনা এলাকা বা PSU হতে ২০ টি Household থেকে তথ্য সংগ্রহ করা হবে।</p> <p>মনিটরিং দ্যা সিচুয়েশন অব ভাইটাল স্ট্যাটিসটিকস অব বাংলাদেশ (এম.এস.ভি.এস.বি) কর্মসূচির (৩য় পর্যায়) আওতায় বিভাগের মোট ২৮৩ টি নমুনা এলাকায় স্থানীয় রেজিস্ট্রার এর মাধ্যমে মাঠ পর্যায়ে নির্দিষ্ট নমুনা এলাকায় জন্ম-মৃত্যুসহ অন্যান্য ডেমোগ্রাফিক বৈশিষ্ট্যের তথ্য সংগ্রহের কাজ নিয়মিতভাবে চলছে।</p> <p>বিভাগের ৮টি জেলা থেকে ভোক্তার মূল্য সূচক নিরূপনের মাধ্যমে জীবনযাত্রার মান নির্ধারণ ও মূল্যস্ফিতি নির্ধারণের লক্ষ্যে ৪টি দরহকের মাধ্যমে ফুড ও ননফুড দ্রব্যসামগ্রী এবং সেবার মূল্য সংগ্রহের কাজ যথাসময়ে প্রেরণ করা হয়েছে।</p> <p>মাসিক কৃষি মজুরীসহ প্রধান ও অপ্রধান বিভিন্ন ফসলের নিয়মিত রিপোর্ট যথাসময়ে প্রেরণ করা হয়েছে।</p>	<p>১। স্বাস্থ্যবিধি মেনে জরিপের কাজসহ অন্যান্য কার্যক্রম অব্যাহত রাখতে হবে।</p>	<p>১। জেলা প্রশাসক(সকল), রাজশাহী বিভাগ</p> <p>২। যুগ্মপরিচালক, পরিসংখ্যান অফিস, রাজশাহী</p>
-----------	--	---	---

<p>১৮</p>	<p>ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তর: সহকারী পরিচালক, ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর, রাজশাহী জানান যে, ভোক্তা-অধিকার বিরোধী কার্য ও অপরাধ প্রতিরোধের লক্ষ্যে রাজশাহী বিভাগে ২০২১-২২ অর্থবছরে জুলাই-২০২১ থেকে জুন-২০২২ পর্যন্ত সময়ে রাজশাহী মহানগরসহ রাজশাহী বিভাগের সকল জেলায় ১৪২০টি তদারকিমূলক অভিযান পরিচালনার মাধ্যমে ৩৭২০টি প্রতিষ্ঠানকে ২,৫৪,০৭,৭০০/- টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়েছে, যা ট্রেজারি চালানোর মাধ্যমে রাষ্ট্রীয় কোষাগারে জমা প্রদান করা হয়েছে। এছাড়া ভোক্তা-সাধারণ কর্তৃক দায়েরকৃত ৮২৯টি অভিযোগের (১২৮টি ই-কমার্সভিত্তিক) মধ্যে ৬২৭টি অভিযোগ নিষ্পত্তি করা হয়েছে। নিষ্পত্তিকৃত ৬২৭টি অভিযোগের মধ্যে ১১৩টি অভিযুক্ত প্রতিষ্ঠানকে ৬,৯০,০০০/- টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়েছে এবং ১১২ জন অভিযোগকারীকে জরিমানার ২৫% হিসাবে ১,৭২,২৫০/- টাকা প্রদান করা হয়েছে ও ১ জন অভিযোগকারী জরিমানার ২৫% হিসাবে ২৫০/- গ্রহণ না করায় উক্ত অর্থসহ (১,০০০/-) বাকী ৭৫% অর্থ ৫,১৭,৭৫০/- টাকা ট্রেজারি চালানোর মাধ্যমে রাষ্ট্রীয় কোষাগারে জমা প্রদান করা হয়েছে। বাকী ৫১৪টি অভিযোগ নথিজাত করা হয়েছে। সরকার কর্তৃক নির্ধারিত মূল্যের চেয়ে বেশি মূল্যে এলপিজি সিলিন্ডার গ্যাস বিক্রি করা হচ্ছে। যে সমস্ত ডিলার সরকারি মূল্যের চেয়ে বেশি মূল্যে এলপিজি সিলিন্ডার গ্যাস বিক্রি করছে, তাদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করতে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। ভোক্তা-অধিকার বিরোধী কার্য ও অপরাধ এবং দন্দ সম্পর্কে ভোক্তা-ব্যবসায়ীদের সচেতনতা ও আইনের ব্যাপক প্রচার-প্রচারণার লক্ষ্যে রাজশাহী বিভাগে ১৪৩টি সচেতনতামূলক সভা অনুষ্ঠিত হয়েছে এবং ভোক্তা-অধিকার সংরক্ষণ আইন, ২০০৯ সংবলিত ৫০,০০০টি লিফলেট, ৪০,০০০টি প্যাম্ফলেট বিতরণ করা হয়েছে। স্বাস্থ্যবিধি অনুসরণ করে ভোক্তা- অধিকার সংরক্ষণকল্পে বাজার মনিটরিংসহ অন্যান্য কার্যক্রম পরিচালনা অব্যাহত রাখা এবং জেলা ও উপজেলা পর্যায়ে ভোক্তা অধিকার সংরক্ষণ বিষয়ে অবহিতকরণ সভা আয়োজন করার বিষয়ে সভায় গুরুত্বারোপ করা হয়।</p>	<p>১। স্বাস্থ্যবিধি অনুসরণ করে ভোক্তা- অধিকার সংরক্ষণকল্পে বাজার মনিটরিংসহ অন্যান্য কার্যক্রম পরিচালনা অব্যাহত রাখতে হবে। ২। জেলা ও উপজেলা পর্যায়ে ভোক্তা অধিকার সংরক্ষণ বিষয়ে অবহিতকরণ সভা আয়োজন করতে হবে। ৩। যে সমস্ত ডিলার সরকারি মূল্যের চেয়ে বেশি মূল্যে এলপিজি সিলিন্ডার গ্যাস বিক্রি করছে, তাদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করতে হবে।</p>	<p>১। জেলা প্রশাসক (সকল), রাজশাহী বিভাগ ২। উপপরিচালক, ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর, রাজশাহী</p>
<p>১৯</p>	<p>বনবিভাগ: বন সংরক্ষক, সামাজিক বন অঞ্চল, বগুড়া জানান যে, সামাজিক বন বিভাগ, রাজশাহীর নিয়ন্ত্রণাধীন রাজশাহী/নাটোর/নওগাঁ/টাঁপাইনবাবগঞ্জ জেলায় অবৈধ করাত-কলের তালিকাসহ বিদ্যুৎ বিভাগকে বিদ্যুৎ সংযোগ বিচ্ছিন্ন করার জন্য পত্র প্রেরণ করা হয়েছে। তৎপ্রেক্ষিতে টাঁপাইনবাবগঞ্জ জেলার অবৈধ করাত-কলের বিদ্যুৎ সংযোগ বিচ্ছিন্ন করা হয়েছে মর্মে নির্বাহী প্রকৌশলী, বিক্রয় ও বিতরণ বিভাগ-১, নেসকো লিঃ, টাঁপাইনবাবগঞ্জ জানিয়েছেন। অবৈধ করাত-কলের বিরুদ্ধে জুন/২২ মাসে মোবাইল কোর্ট পরিচালনা করে ৩টি করাতকলের বিরুদ্ধে ৮,০০০/- টাকা জরিমানা আদায় করা হয়েছে। সামাজিক বন বিভাগ, পাবনার অধীন পাবনা ও সিরাজগঞ্জ জেলায় অবৈধ করাতকলের তালিকাসহ বিদ্যুৎ বিভাগকে বিদ্যুৎ সংযোগ বিচ্ছিন্ন করার জন্য পত্র প্রেরণ করা হয়েছে। সিরাজগঞ্জ জেলায় জুন/২২মাসে মোবাইল কোর্ট পরিচালনা করে ৩টি করাতকলের বিরুদ্ধে ১০,০০০/- টাকা জরিমানা আদায় করা হয়েছে। বিভাগীয় বন কর্মকর্তা, সামাজিক বন বিভাগ, বগুড়া জানান যে, অবৈধ করাত-কল উচ্ছেদ ও বিদ্যুৎ সংযোগ বিচ্ছিন্ন করার ব্যাপারে উপজেলা / জেলা প্রশাসনের সাথে যোগাযোগ পূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য মাঠ পর্যায়ের সকল দপ্তরকে নির্দেশনা প্রদান করা হয়েছে। এছাড়াও অবৈধ করাত-কল উচ্ছেদের ব্যাপারে জেলা উন্নয়ন সমন্বয় সভায় উপস্থাপন করা হয়েছে। এমনকি তাঁর দপ্তর হতে জরুরী ভিত্তিতে অবৈধভাবে স্থাপিত/ লাইসেন্সবিহীন করাত-কলে বিদ্যুৎ সংযোগ প্রদান না করা এবং যে সকল লাইসেন্সবিহীন করাত-কলে বিদ্যুৎ সংযোগ প্রদান করা হয়েছে তা অবিলম্বে বিচ্ছিন্ন করার জন্য সংশ্লিষ্ট সকল বিদ্যুৎ বিভাগের সাথে পত্রালাপ করা হয়েছে। অবৈধ করাত-কলের বিরুদ্ধে উচ্ছেদ অভিযান ও মোবাইল কোর্ট পরিচালনার</p>	<p>১। লাইসেন্স বিহীন করাত-কলে বিদ্যুৎ সংযোগ দেওয়া বন্ধ করতে হবে। ২। অবৈধ করাত কল উচ্ছেদ এবং অবৈধ দখলদারদের হাত হতে বনবিভাগের জমি উদ্ধারের প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ অব্যাহত রাখতে হবে। ৩। বন সংরক্ষক কর্তৃক রাজশাহী বিভাগের অবৈধ করাত কলের তালিকা নেসকো অফিস ও বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, রাজশাহী জোন প্রেরণ করতে হবে।</p>	<p>১। অতিরিক্ত বিভাগীয় কমিশনার (উন্নয়ন ও আইসিটি), রাজশাহী ২। জেলা প্রশাসক (সকল), রাজশাহী বিভাগ ৩। প্রধান প্রকৌশলী, নর্দান ইলেকট্রিসিটি সাপ্লাই কোম্পানি লি:, রাজশাহী ৪। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, রাজশাহী জোন ৫। বন সংরক্ষক, সামাজিক বন অঞ্চল বগুড়া</p>

	<p>বিষয়ে কার্যক্রম অব্যাহত রয়েছে এবং অবৈধ জবরদখলকৃত বনভূমি উদ্ধারের জন্য জবরদখলকারীগণকে বন বিভাগের জমি ছেড়ে দেয়ার নিমিত্ত মাঠ পর্যায়ে সংশ্লিষ্ট রেঞ্জ/বিট কর্মকর্তাগণকে নোটিশ প্রদানের জন্য নির্দেশ প্রদান করা হয়েছে। উক্ত নির্দেশনার আলোকে সাপাহার রেঞ্জাধীন পল্লীতলা উপজেলার (আংশিক) এবং নিয়ামতপুর এসএফএনটিসির অধীন নিয়ামতপুর উপজেলার জবরদখলকারীগণকে অবৈধভাবে জবরদখলকৃত বনভূমি ছেড়ে দেয়ার জন্য নোটিশ প্রদান করা হয়েছে। উক্ত নোটিশের কপি জেলা প্রশাসক, নওগাঁ এবং সহকারী কমিশনার, পল্লীতলা ও নিয়ামতপুর এর নিকট প্রেরণ করা হয়েছে। পাইকবান্দা রেঞ্জাধীন পল্লীতলা (আংশিক) এবং ধামইরহাট উপজেলার অবৈধ দখলকারীগণকে বন বিভাগের জমি ছেড়ে দেয়ার জন্য নোটিশ প্রদানের কার্যক্রম অব্যাহত রয়েছে। সামাজিক বন বিভাগ, রাজশাহীর অধীন জবরদখলকৃত বনভূমির পরিমাণ-২৫৪৯.২৪ একর। তন্মধ্যে ইতোমধ্যে ৩৭০.০৫ একর বনভূমি উদ্ধার করা হয়েছে।</p> <p>প্রধান প্রকৌশলী, নর্দান ইলেকট্রিসিটি সপ্লাই কোম্পানি লি., রাজশাহী জানান যে, নেসকো কর্তৃক লাইসেন্স বিহীন করাত-কলে বিদ্যুৎ সংযোগ দেওয়া হয় না। অবৈধ বিদ্যুৎ ব্যবহারকারীদের বিদ্যুৎ সংযোগ কর্তন কার্যক্রম অব্যাহত রয়েছে। বন সংরক্ষক কর্তৃক রাজশাহী বিভাগের অবৈধ করাত- কলের তালিকা নেসকো অফিস ও বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, রাজশাহী জোন প্রেরণের জন্য সভায় আলোচনা করা হয়। জেলা প্রশাসক, রাজশাহী বলেন যে, পরিবেশের ছাড়পত্র ব্যতীত করাত-কলে লাইসেন্স দেয়া যাচ্ছে না। কিন্তু পরিবেশের নীতিমালায় বলা আছে করাত-কলের আশে-পাশে ৩০০ মিটারের মধ্যে কোনো স্কুল, কলেজ, দোকান, বাসা-বাড়ি থাকলে ছাড়পত্র দেয়া যাবে না। পরিবেশের এই শর্তে কোনো করাত- কলে লাইসেন্স দেয়া সম্ভব হচ্ছে না। ই-নথি ও xenrebraj@yahoo.com ই-মেইলে সভার নোটিশ দেয়া সত্ত্বেও তত্ত্বাবধায়ক প্রকৌশলী, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, রাজশাহী জোন সভায় অনুপস্থিত থাকায় লাইসেন্স বিহীন করাত-কলে বিদ্যুৎ সংযোগ দেওয়া বন্ধকরণ সংক্রান্ত আলোচনায় তাঁর মতামত/বক্তব্য জানা যায়নি। উক্ত বিষয়ে পরবর্তী সভায় তাঁর মতামত জানানোর নিমিত্ত তাঁর বরাবর পত্র প্রেরণের জন্য সভায় আলোচনা করা হয়।</p>	<p>৪। লাইসেন্স বিহীন করাত-কলে বিদ্যুৎ সংযোগ দেওয়া বন্ধকরণ সিদ্ধান্তের বাস্তবায়ন অগ্রগতি পরবর্তী সভায় উপস্থাপনের জন্য তত্ত্বাবধায়ক প্রকৌশলী, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, রাজশাহী জোন বরাবর পত্র প্রেরণ করতে হবে।</p>	
<p>২০</p>	<p>বিভাগীয় জেলা তথ্য অফিস: পরিচালক, বিভাগীয় জেলা তথ্য অফিস, রাজশাহী জানান যে, কোভিড-১৯ প্রতিরোধে জুন/২২ মাসে ২৪ টি সড়ক প্রচার, ২৪ টি চলচ্চিত্র প্রদর্শন, ০৯ টি মহিলা সমাবেশ এবং ১০ দিনে ২৪টি স্পটে সজ্জীতানুষ্ঠান বাস্তবায়ন করা হয়েছে। সার্বিক কার্যক্রম বাস্তবায়নের সময় কোভিড-১৯ প্রতিরোধ সংক্রান্ত এবং মাজিকপল্ল, ডেঙ্গু, ডায়রিয়া রোগ প্রতিরোধ সংক্রান্ত জনসচেতনতামূলক বার্তাও গুরুত্বসহকারে প্রচার করা হয়েছে।</p>	<p>১। কোভিড-১৯, ডেঙ্গু এবং ডায়রিয়া রোগ প্রতিরোধ বিষয়ে লিফলেট বিতরণসহ জনসচেতনতামূলক প্রচার-প্রচারণা অব্যাহত রাখতে হবে।</p>	<p>১। জেলা প্রশাসক (সকল), রাজশাহী বিভাগ ২। পরিচালক, বিভাগীয় জেলা তথ্য অফিস, রাজশাহী</p>

২১	<p>সমাজসেবা অফিস: পরিচালক, বিভাগীয় সমাজসেবা অফিস, রাজশাহী জানান যে, রাজশাহী বিভাগে সকল ইউনিটে শতভাগ জি টু পি পদ্ধতিতে ভাতা প্রদান কার্যক্রম চলমান রয়েছে। এ বিভাগে মোট ভাতাভোগীর সংখ্যা ১৪ লক্ষ ৩ হাজার জন। ২০২১-২২ অর্থ বছর পর্যন্ত মোট ৩৬ টি ইউনিট শতভাগ ভাতার আওতাভুক্ত হয়েছে।</p> <p>প্রান্তিক জনগোষ্ঠীর জীবন মান উন্নয়নে জরিপ কার্যক্রম শতভাগ সম্পন্ন হয়েছে। প্রশিক্ষণ ও অনুদান কার্যক্রম চলমান। ক্যাম্পার, কিডনী, লিভার সিরোসিস, স্ট্রোক প্যারালাইজড, জন্মগত হৃদরোগীদের প্রাপ্ত এককালীন অনুদান ব্যাংক এর মাধ্যমে শতভাগ বিতরণ সম্পন্ন হয়েছে। অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলমান রয়েছে।</p>	<p>১। এ বিভাগে সকল ইউনিটে জি টু পি পদ্ধতিতে ভাতা প্রদান কার্যক্রম অব্যাহত রাখতে হবে।</p> <p>২। প্রান্তিক জনগোষ্ঠীর জীবন মান উন্নয়নে প্রশিক্ষণ ও অনুদান প্রদান কার্যক্রম অব্যাহত রাখতে হবে।</p>	<p>১। জেলা প্রশাসক (সকল), রাজশাহী বিভাগ</p> <p>২। পরিচালক, বিভাগীয় সমাজসেবা অফিস, রাজশাহী</p>
২২	<p>বরেন্দ্র বহুমুখী উন্নয়ন কর্তৃপক্ষ: নির্বাহী পরিচালক, বরেন্দ্র বহুমুখী উন্নয়ন কর্তৃপক্ষ, রাজশাহী জানান যে, বরেন্দ্র বহুমুখী উন্নয়ন কর্তৃপক্ষের মাধ্যমে রাজশাহী বিভাগে ৩.৬৩ লক্ষ হেক্টর জমিতে ৯৮৬২টি গভীর নলকূপ, ৩৮৪টি এল এল পি (বিদ্যুৎ চালিত-২৫৪টি ও সোলার চালিত-১৩০ টি) এবং ৪৭১টি সোলার চালিত পাতকুয়ার মাধ্যমে বোরো মৌসুমে জমিতে সেচ প্রদান করা হয়েছে। এছাড়া আমন ও আউস মৌসুমে জমিতে সেচ প্রদান অব্যাহত রয়েছে। সেচ যন্ত্রগুলি সার্বক্ষণিক সচল রাখতে প্রয়োজনীয় পাম্প-মটর, বৈদ্যুতিক ট্রান্সফরমার ও অন্যান্য যাবতীয় মালামাল যথাযথ মজুদ আছে। বর্তমানে বিদ্যুৎ চালিত ১০১১৬টি সেচ যন্ত্র চালু আছে, যেখানে প্রায় ১৮০ মেগাওয়াট বিদ্যুত ব্যবহার হচ্ছে। সেচ কাজে নিরঙ্কিত বিদ্যুৎ সরবরাহের লক্ষ্যে বিদ্যুৎ বিভাগের (পবিস ও নেসকো) সাথে যোগাযোগ অব্যাহত রয়েছে।</p> <p>বরেন্দ্র অঞ্চলে ভূ-গর্ভস্থ ও ভূ-উপরিস্থ পানি দ্বারা সেচ সুবিধা চালু হওয়ায় এলাকার এক ফসলি জমি দুই/তিন ফসলি জমিতে রূপান্তরিত হয়েছে। ফলে এই এলাকার ফসল উৎপাদন বহুলাংশে বৃদ্ধি পেয়েছে। বর্তমানে এ কার্যক্রম অব্যাহত রয়েছে।</p> <p>প্রধান প্রকৌশলী, নর্দান ইলেকট্রিসিটি সাপ্লাই কোম্পানি লি., রাজশাহী জানান যে, সেচকাজের জন্য বিধি মোতাবেক দ্রুততম সময়ে সেচ যন্ত্রে প্রয়োজনীয় বিদ্যুৎ সরবরাহ করা হয়।</p>	<p>১। সেচ যন্ত্রগুলি সচল রাখতে প্রয়োজনীয় পাম্প-মটর, বৈদ্যুতিক ট্রান্সফরমার ও অন্যান্য মালামাল মজুদ রাখতে হবে।</p> <p>২। সেচ সুবিধা চালুর মাধ্যমে এক ফসলি জমিকে দুই ও তিন ফসলি জমিতে রূপান্তরিত করার প্রচেষ্টা অব্যাহত রাখতে হবে।</p> <p>৩। সেচ যন্ত্রে প্রয়োজনীয় বিদ্যুৎ সরবরাহ অব্যাহত রাখতে হবে।</p>	<p>১। জেলা প্রশাসক (সকল), রাজশাহী বিভাগ</p> <p>২। প্রধান প্রকৌশলী, নর্দান ইলেকট্রিসিটি সাপ্লাই কোম্পানি লি., রাজশাহী</p> <p>৩। নির্বাহী প্রকৌশলী, বরেন্দ্র বহুমুখী উন্নয়ন কর্তৃপক্ষ, রাজশাহী</p>
২৩	<p>যুব উন্নয়ন অফিস: উপপরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, রাজশাহী জানান যে, এ বিভাগের সকল জেলায় লক্ষ্যমাত্রা অনুযায়ী প্রাতিষ্ঠানিক ১০টি ট্রেডে এবং উপজেলা পর্যায়ে অপ্রাতিষ্ঠানিক ট্রেডে প্রশিক্ষণসমূহ সূচারুভাবে অনুষ্ঠিত হচ্ছে। ২০২১-২০২২ অর্থবছরের জুন, ২০২২ পর্যন্ত অগ্রগতি ৩৭,২৮৫ জন। নির্ধারিত সময়ের মধ্যে লক্ষ্যমাত্রা অর্জন হয়েছে।</p> <p>রাজশাহী বিভাগের সকল জেলায় লক্ষ্যমাত্রা অনুযায়ী যুবদের আত্মকর্মসংস্থানের লক্ষ্যে ঋণ কার্যক্রম পরিচালিত হচ্ছে। ২০২১-২০২২ অর্থবছরের জুন, ২০২২ পর্যন্ত ৬,৪২৬ জনকে ক্ষুদ্রঋণ প্রদান করা হয়েছে এবং আত্মকর্মসংস্থানের লক্ষ্যে উদ্বুদ্ধ করা হয়েছে। নির্ধারিত সময়ের মধ্যে লক্ষ্যমাত্রা অর্জন সম্ভব হবে মর্মে তিনি আশাবাদ ব্যক্ত করেন।</p>	<p>১। প্রাতিষ্ঠানিক ও অপ্রাতিষ্ঠানিক ট্রেডে অনুষ্ঠিত প্রশিক্ষণসমূহ নিয়মিত মনিটরিং করতে হবে।</p> <p>২। আত্মকর্মসংস্থানে যুবঋণ বিতরণ কার্যক্রম অব্যাহত রাখতে হবে।</p>	<p>১। জেলা প্রশাসক (সকল), রাজশাহী বিভাগ</p> <p>২। উপপরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, রাজশাহী</p>

<p>২৪</p>	<p>শিক্ষা প্রকৌশল অধিদপ্তর: তত্ত্বাবধায়ক প্রকৌশলী (চ:দা), শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, রাজশাহী সার্কেল, রাজশাহী জানান যে, “নির্বাচিত বেসরকারী মাধ্যমিক বিদ্যালয়সমূহের উন্নয়ন (৩০০০ স্কুল) শীর্ষক” প্রকল্পের আওতায় রাজশাহী বিভাগের প্রত্যেক সংসদীয় এলাকায় ১০টি করে মাধ্যমিক বিদ্যালয়ের চারতলা ভবন নির্মাণের কাজ চলছে। মোট বিদ্যালয়ের সংখ্যা ৩৯০টি। তন্মধ্যে ২৪৪টি বিদ্যালয়ের কাজ সমাপ্ত হয়েছে। ১৪৬টি বিদ্যালয়ের কাজ চলমান রয়েছে। “নির্বাচিত বেসরকারী মাধ্যমিক বিদ্যালয়সমূহের উর্ধ্বমুখী সম্প্রসারণ শীর্ষক” প্রকল্পের আওতায় রাজশাহী বিভাগের প্রত্যেক সংসদীয় এলাকায় ১০টি করে মাধ্যমিক বিদ্যালয়ের বিদ্যমান ভবনের উর্ধ্বমুখী সম্প্রসারণ করে ভবনটির নির্মাণের কাজ চলছে। মোট বিদ্যালয়ের সংখ্যা ৪০২টি। তন্মধ্যে ৩০২টি বিদ্যালয়ের কাজ সমাপ্ত হয়েছে। ১০০টি বিদ্যালয়ের কাজ চলমান রয়েছে। “নির্বাচিত বেসরকারী মাদ্রাসাসমূহের উন্নয়ন শীর্ষক” প্রকল্পের আওতায় রাজশাহী বিভাগের প্রত্যেক সংসদীয় এলাকায় ৬টি করে মাদ্রাসার চারতলা ভবন নির্মাণের কাজ চলছে। মোট মাদ্রাসার সংখ্যা ২৩০টি। তন্মধ্যে ২৭টি বিদ্যালয়ের কাজ সমাপ্ত হয়েছে। ১৯৫টি বিদ্যালয়ের কাজ চলমান রয়েছে। “১০০টি উপজেলায় ১টি করে টেকনিক্যাল স্কুল এন্ড কলেজ স্থাপন শীর্ষক” প্রকল্পের আওতায় রাজশাহী বিভাগের মোট ১১টি উপজেলায় টেকনিক্যাল স্কুল এন্ড কলেজের নির্মাণের কাজ চলছে। মোট টেকনিক্যাল স্কুল এন্ড কলেজের সংখ্যা ১১টি। তন্মধ্যে ৭টির কাজ সমাপ্ত হয়েছে। ৪টির কাজ চলমান রয়েছে। “তথ্য প্রযুক্তির সহায়তায় শিক্ষার মাননোয়নের লক্ষ্যে নির্বাচিত বেসরকারী কলেজসমূহের উন্নয়ন শীর্ষক” প্রকল্পের আওতায় রাজশাহী বিভাগের প্রত্যেক সংসদীয় এলাকায় ৫টি করে কলেজে চারতলা ভবন নির্মাণের কাজ চলছে। মোট কলেজের সংখ্যা ১৯৪টি। তন্মধ্যে ১৭৫টি কলেজের কাজ সমাপ্ত হয়েছে। ১৯টি কলেজের কাজ চলমান রয়েছে। “শিক্ষার মাননোয়নের লক্ষ্যে জেলা সদরে অবস্থিত পোস্ট গ্রাজুয়েট কলেজসমূহের উন্নয়ন শীর্ষক” প্রকল্পের আওতায় রাজশাহী বিভাগের মোট ৮টি সরকারি কলেজে ৩৭টি কাজের কর্মসূচীভুক্ত হয়েছে। মোট ৩৫টি কাজ সমাপ্ত হয়েছে। ২টির কাজ চলমান রয়েছে। “নির্বাচিত সরকারী মাধ্যমিক বিদ্যালয়সমূহের উন্নয়ন (৩২৩ সরকারী স্কুল) শীর্ষক” প্রকল্পের আওতায় রাজশাহী বিভাগের সরকারি বিদ্যালয়সমূহের ২৬টি কাজের কর্মসূচীভুক্ত হয়। মোট ৩টি কাজ সমাপ্ত হয়েছে। ২৩টির কাজ চলমান রয়েছে। “সরকারী কলেজসমূহের বিজ্ঞান শিক্ষার সুযোগ সম্প্রসারণ (২০০ সরকারী কলেজ) শীর্ষক” প্রকল্পের আওতায় রাজশাহী বিভাগের সরকারি কলেজসমূহের মোট ২৫টি কাজের কর্মসূচীভুক্ত হয়। মোট ২৫টির কাজ চলমান রয়েছে।</p>	<p>১। নির্মাণাধীন প্রকল্পের কাজ নিয়মিত মনিটরিং করতে হবে।</p>	<p>১। জেলা প্রশাসক (সকল), রাজশাহী বিভাগ ২। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (চ:দা), শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, রাজশাহী সার্কেল, রাজশাহী</p>
<p>২৫</p>	<p>পরিবার পরিকল্পনা বিভাগ: পরিচালক, পরিবার পরিকল্পনা, রাজশাহী জানান যে, নিয়োগের একটি কাজ চলমান রয়েছে। বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে নিয়োগ প্রক্রিয়া সম্পন্ন করা হবে মর্মে তিনি সভাকে অবহিত করেন। জেলা ও উপজেলা পর্যায়ে মা ও শিশু কল্যাণ কেন্দ্রের মাধ্যমে গর্ভবতী মা ও শিশুদের সেবা প্রদান কার্যক্রম চলমান রয়েছে। তিনি আরো জানান যে, পরিবার পরিকল্পনার লক্ষ্য ও উদ্দেশ্য হচ্ছে জনসংখ্যা পরিকল্পিতভাবে উন্নয়ন ও নিয়ন্ত্রণের মাধ্যমে সুস্থ, সুখী ও সমৃদ্ধ বাংলাদেশ গড়ে তোলা। অফিসের দৈনন্দিন কাজগুলো স্বাভাবিকভাবে চলছে।</p>	<p>১। জেলা ও উপজেলা পর্যায়ে মা ও শিশু কল্যাণ কেন্দ্রগুলো মনিটরিং করতে হবে। ২। জনসংখ্যা পরিকল্পিতভাবে উন্নয়ন ও নিয়ন্ত্রণের মাধ্যমে সুস্থ, সুখী ও সমৃদ্ধ বাংলাদেশ গড়ার প্রচেষ্টা অব্যাহত রাখতে হবে।</p>	<p>১। জেলা প্রশাসক (সকল), রাজশাহী বিভাগ ২। পরিচালক, পরিবার পরিকল্পনা, রাজশাহী বিভাগ</p>

২৬	<p>বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ): এ বিভাগের সকল দপ্তরের ২০২২-২৩ অর্থ বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) অনুযায়ী লক্ষ্যমাত্রা অর্জন এবং বিভিন্ন কার্যসম্পাদনের প্রমাণকসমূহ সংরক্ষণের বিষয়ে সভায় গুরুত্ব আরোপ করা হয়।</p>	<p>১। এ বিভাগের সকল দপ্তরকে ২০২২-২৩ অর্থ বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) অনুযায়ী লক্ষ্যমাত্রা অর্জন এর জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে এবং বিভিন্ন কার্যসম্পাদনের প্রমাণকসমূহ সংরক্ষণ করতে হবে।</p>	বিভাগীয় দপ্তর প্রধানগণ
----	---	---	-------------------------

অতঃপর সভার আলোচনায় স্বতঃস্ফূর্তভাবে অংশগ্রহণ করার জন্য সদস্যদের প্রতি আন্তরিক ধন্যবাদ জ্ঞাপন করা হয়। সভায় আর কোনো আলোচ্য বিষয় না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।



জি এস এম জাফরউল্লাহ এনডিসি
বিভাগীয় কমিশনার

স্মারক নম্বর: ০৫.৪৩.০০০০.০০৮.১৩.০০১.২১.৩৩৯

তারিখ: ১৩ ভাদ্র ১৪২৯


২৮ আগস্ট ২০২২

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১) মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সদয় অবগতির জন্য)
- ২) সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সদয় অবগতির জন্য)
- ৩) সচিব, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ
- ৪) উপমহা পুলিশ পরিদর্শক, রাজশাহী রেঞ্জ, রাজশাহী
- ৫) মহাপরিচালক, রেশন উন্নয়ন বোর্ড, রাজশাহী
- ৬) পরিচালক (স্বাস্থ্য), রাজশাহী বিভাগ, রাজশাহী
- ৭) মহাব্যবস্থাপক, পশ্চিমাঞ্চল, বাংলাদেশ রেলওয়ে, রাজশাহী
- ৮) পরিচালক, রাজশাহী মেডিকেল কলেজ হাসপাতাল
- ৯) ব্যবস্থাপনা পরিচালক, রাজশাহী ওয়াসা
- ১০) প্রধান প্রকৌশলী, নর্দান ইলেকট্রিসিটি সাপ্লাই কোম্পানি লি., রাজশাহী
- ১১) প্রধান নির্বাহী কর্মকর্তা, রাজশাহী সিটি কর্পোরেশন, রাজশাহী
- ১২) অতিরিক্ত প্রধান প্রকৌশলী, সড়ক ও জনপথ, রাজশাহী জোন
- ১৩) অতিরিক্ত প্রধান প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, রাজশাহী বিভাগ, রাজশাহী
- ১৪) পরিচালক, বিভাগীয় প্রাণিসম্পদ দপ্তর, রাজশাহী বিভাগ, রাজশাহী

- ১৫) প্রধান প্রকৌশলী, উত্তর পশ্চিমাঞ্চল, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, সপুরা, রাজশাহী
- ১৬) অতিরিক্ত প্রধান প্রকৌশলী, গণপূর্ত জোন, রাজশাহী বিভাগ, রাজশাহী
- ১৭) পরিচালক, বিভাগীয় সমাজসেবা কার্যালয়, রাজশাহী
- ১৮) পরিচালক, পরিবেশ অধিদপ্তর, বিভাগীয় কার্যালয়, নিশিন্দা, উপশহর, বগুড়া
- ১৯) পরিচালক, বিভাগীয় শ্রম অধিদপ্তর, রাজশাহী
- ২০) পরিচালক, বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড, রাজশাহী
- ২১) প্রধান নির্বাহী কর্মকর্তা, রাজশাহী উন্নয়ন কর্তৃপক্ষ
- ২২) অতিরিক্ত প্রধান প্রকৌশলী, সড়ক ও জনপথ, রংপুর জোন
- ২৩) জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয়, রাজশাহী
- ২৪) জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয়, নাটোর
- ২৫) জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয়, নওগাঁ
- ২৬) জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয়, টাঙ্গাইলবাবগঞ্জ
- ২৭) জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয়, পাবনা
- ২৮) জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয়, সিরাজগঞ্জ
- ২৯) জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয়, বগুড়া
- ৩০) জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয়, জয়পুরহাট
- ৩১) অধিনায়ক, র্যাব-৫, রাজশাহী
- ৩২) উপ-মহাপরিচালক, আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, রাজশাহী রেঞ্জ
- ৩৩) অতিরিক্ত পরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, রাজশাহী
- ৩৪) আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, রাজশাহী অঞ্চল
- ৩৫) পরিচালক, গণযোগাযোগ অধিদপ্তর, বিভাগীয় জেলা তথ্য অফিস, রাজশাহী
- ৩৬) মহাব্যবস্থাপক-১, টেলিযোগাযোগ অঞ্চল (উত্তরাঞ্চল), রাজশাহী
- ৩৭) পরিচালক, পরিবার পরিকল্পনা, রাজশাহী বিভাগ, রাজশাহী
- ৩৮) পরিচালক, বিএসটিআই, নওদাপাড়া, রাজশাহী
- ৩৯) পরিচালক, ইসলামিক ফাউন্ডেশন, রাজশাহী
- ৪০) অতিরিক্ত পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, রাজশাহী অঞ্চল
- ৪১) অতিরিক্ত পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, বগুড়া অঞ্চল
- ৪২) আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, রাজশাহী অঞ্চল, রাজশাহী
- ৪৩) প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, রাজশাহী
- ৪৪) প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, নাটোর
- ৪৫) প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, নওগাঁ
- ৪৬) প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, টাঙ্গাইলবাবগঞ্জ
- ৪৭) প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, পাবনা
- ৪৮) প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, সিরাজগঞ্জ
- ৪৯) প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, বগুড়া
- ৫০) প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, জয়পুরহাট
- ৫১) উপপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, রাজশাহী অঞ্চল, রাজশাহী
- ৫২) উপপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, রাজশাহী বিভাগ, রাজশাহী
- ৫৩) তত্ত্বাবধায়ক প্রকৌশলী, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, রাজশাহী বিভাগ
- ৫৪) যুগ্মপরিচালক (সার), বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন, রাজশাহী বিভাগ

- ৫৫) যুগ্মপরিচালক (বীজ বিপণন), বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন, রাজশাহী বিভাগ
- ৫৬) বন সংরক্ষক, সামাজিক বন অঞ্চল, বগুড়া
- ৫৭) উপপরিচালক, কৃষি বিপণন অধিদপ্তর, রাজশাহী বিভাগ
- ৫৮) উপপরিচালক, মৎস্য অধিদপ্তর, রাজশাহী বিভাগ, রাজশাহী
- ৫৯) তত্ত্বাবধায়ক প্রকৌশলী, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, রাজশাহী জোন/বগুড়া জোন
- ৬০) তত্ত্বাবধায়ক প্রকৌশলী, বরেন্দ্র বহুমুখী উন্নয়ন কর্তৃপক্ষ, রাজশাহী
- ৬১) যুগ্মপরিচালক, বিভাগীয় পরিসংখ্যান অফিস, রাজশাহী
- ৬২) অধ্যক্ষ, রাজশাহী মেডিকেল কলেজ, রাজশাহী
- ৬৩) অধ্যক্ষ, শহীদ জিয়াউর রহমান মেডিকেল কলেজ, বগুড়া
- ৬৪) অধ্যক্ষ, পাবনা মেডিকেল কলেজ, পাবনা
- ৬৫) অধ্যক্ষ, শহীদ এম. মনসুর আলী মেডিকেল কলেজ, সিরাজগঞ্জ
- ৬৬) অধ্যক্ষ, নওগাঁ মেডিকেল কলেজ, নওগাঁ
- ৬৭) উপপরিচালক (চ:দা:), বিভাগীয় ঔষধ প্রশাসন অধিদপ্তর, রাজশাহী
- ৬৮) উপপরিচালক, আঞ্চলিক লোক প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র, রাজশাহী
- ৬৯) যুগ্মনিবন্ধক, বিভাগীয় সমবায় অফিস, রাজশাহী
- ৭০) উপপরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, রাজশাহী
- ৭১) উপপ্রধান তথ্য অফিসার, আঞ্চলিক তথ্য অফিস, রাজশাহী
- ৭২) উপপরিচালক, আঞ্চলিক স্কাউট অফিস, রাজশাহী
- ৭৩) উপপরিচালক, বিভাগীয় সঞ্চয় অফিস, রাজশাহী
- ৭৪) উপপরিচালক, বিভাগীয় পাসপোর্ট ও ভিসা অফিস, রাজশাহী
- ৭৫) উপপরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, রাজশাহী
- ৭৬) আঞ্চলিক পরিচালক, বিসিক আঞ্চলিক অফিস, রাজশাহী
- ৭৭) বিভাগীয় ব্যবস্থাপক, ব্র্যাক, রাজশাহী
- ৭৮) আঞ্চলিক প্রকল্প পরিচালক, বাংলাদেশ পল্লী উন্নয়ন একাডেমি, রাজশাহী
- ৭৯) জোনাল সেটেলমেন্ট অফিসার, রাজশাহী
- ৮০) জোনাল সেটেলমেন্ট অফিসার, পাবনা
- ৮১) জোনাল সেটেলমেন্ট অফিসার, বগুড়া
- ৮২) তত্ত্বাবধায়ক প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, রাজশাহী সার্কেল, রাজশাহী
- ৮৩) উপপরিচালক, জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর, বিভাগীয় কার্যালয়, রাজশাহী
- ৮৪) সহকারী প্ল্যানার, নগর উন্নয়ন অধিদপ্তর, রাজশাহী
- ৮৫) সহকারী কমিশনার, নেজারত শাখা, বিভাগীয় কমিশনারের কার্যালয়, রাজশাহী
- ৮৬) উপ-প্রশাসনিক কর্মকর্তা, উন্নয়ন, বিভাগীয় কমিশনারের কার্যালয়, রাজশাহী
- ৮৭) উপ-প্রশাসনিক কর্মকর্তা, গোপনীয় শাখা, বিভাগীয় কমিশনারের কার্যালয়, রাজশাহী
- ৮৮) উপ-প্রশাসনিক কর্মকর্তা, সার্বিক, বিভাগীয় কমিশনারের কার্যালয়, রাজশাহী
- ৮৯) উপ-প্রশাসনিক কর্মকর্তা, রাজস্ব, বিভাগীয় কমিশনারের কার্যালয়, রাজশাহী
- ৯০) উপ-প্রশাসনিক কর্মকর্তা, স্থানীয় সরকার, বিভাগীয় কমিশনারের কার্যালয়, রাজশাহী



এ. এন. এম. মঈনুল ইসলাম
অতিরিক্ত বিভাগীয় কমিশনার